# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
Bangladesh Water Development Board

**চীফ মনিটরিং এর দপ্তর**
ওয়াপদা ভবন (৩য় তলা),
মতিঝিল বা/এ, ঢাকা- ১০০০।
ফোনঃ ৫৭১৬৪৩৪১; ফ্যাক্সঃ ৯৫৫১৫৭৮
ই-মেইলঃ cmonitoring@yahoo.com

Office of the Chief Monitoring
WAPDA Building (2nd floor),
Motijheel C/A, Dhaka-1000.
Phone- 57164341; Fax No. 9551578
E-mail: cmonitoring@yahoo.com


স্মারক নং: চীফ মনি/টি-২২/২৫৯৮

তাং: ৩০/০৬/২০১৯

**চীফ মনিটরিং, বাপাউবো, ঢাকা দপ্তরে বিগত ২৭/০৬/২০১৯ খ্রিঃ রোজ বৃহস্পতিবার বেলা ১০:৩০ ঘটিকায় অনুষ্ঠিত ইন-হাউজ প্রশিক্ষণ এর কার্যবিবরণী**

২০১৮-১৯ অর্থবছরে পানি সম্পদ মন্ত্রনালয়ের সাথে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের স্বাক্ষরিত বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) অনুসারে পরিচালক, প্রসেসিং সেকশন, বাপাউবো ঢাকা দপ্তরের স্মারক নং- ৪৬/পিএস/দপ্তরাদেশ-৩৫/২০১৬, তারিখ: ০৬/০২/২০১৯ খ্রিঃ মোতাবেক বাপাউবো'র সকল কর্মকর্তা/কর্মচারীদের বাৎসরিক ৬০ ঘন্টা প্রশিক্ষণের লক্ষ্যমাত্রা নির্ধারণ করে দেয়া হয়। সে লক্ষ্যে অত্র দপ্তরের স্মারক নং-চীফ মনি/টি-১৩/২৪৬৯ তারিখ : ২৫/০৬/২০১৯ খ্রিঃ এর মাধ্যমে জারীকৃত বিজ্ঞপ্তিতে উল্লেখিত মডিউল মোতাবেক বিগত ২৭/০৬/২০১৯ খ্রিঃ তারিখ রোজ বৃহস্পতিবার বেলা ১০:৩০ ঘটিকায় চীফ মনিটরিং দপ্তরের ২৪০ নং কক্ষে "দাপ্তরিক শৃঙ্খলা" ও "বাপাউবো কর্মকর্তা/কর্মচারী প্রবিধানমালা-২০১৩" শীর্ষক বিষয়ের উপর ইন-হাউস প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। উক্ত প্রশিক্ষণে কোর্স পরিচালক ও প্রশিক্ষক হিসাবে অত্র দপ্তরের নির্বাহী প্রকৌশলী ও উপ-পরিচালক( প্রশাসন) এর অ:দা: জনাব মো: আবু বক্কর সিদ্দিক উপস্থিত ছিলেন। চীফ মনিটরিং দপ্তরের ২৭ জন কর্মকর্তা ও কর্মচারীগণ প্রশিক্ষণার্থী হিসেবে প্রশিক্ষণে অংশগ্রহণ করেন।

উপস্থিত সকল কর্মকর্তা/কর্মচারীদেরকে স্বাগত জানিয়ে নির্বাহী প্রকৌশলী ও উপ-পরিচালক (প্রশাসন) এর অ:দা:, চীফ মনিটরিং মহোদয় প্রশিক্ষণ কার্যক্রম শুরু করেন। প্রথমে তিনি বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের লক্ষ্য, উদ্দেশ্য, কার্যাবলী সম্পর্কে বিশদ আলোচনা করেন এবং বাপাউবো'র সাফল্য অর্জনে কর্মকর্তা ও কর্মচারীদের দায়িত্ব-কর্তব্য নিষ্ঠার সাথে পালন এবং সচেতনতা বৃদ্ধির ওপর জ্ঞানগর্ভ ও দিকনির্দেশনামূলক আলোচনা করেন। চীফ মনিটরিং দপ্তরের নির্বাহী প্রকৌশলী, জনাব মো: আবু বক্কর সিদ্দিক এর সঞ্চালনায় Power Point Presentation এর মাধ্যমে দাপ্তরিক শৃঙ্খলা ও বোর্ডের প্রচলিত বিধিমালা ইত্যাদি বিষয়াবলী উক্ত প্রশিক্ষণে উপস্থাপিত হয়। উল্লেখিত বিষয়সমূহের উপর প্রশিক্ষকের জ্ঞানগর্ভ ও তথ্যবহুল আলোচনা দপ্তরের সকল কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ মনোযোগ সহকারে শ্রবণ করেন এবং প্রশ্নোত্তর পর্বে সক্রিয় অংশগ্রহণের মাধ্যমে প্রশিক্ষণ কার্যক্রম আরও ফলপ্রসূ হয়ে ওঠে।

পরিশেষে, উক্ত প্রশিক্ষণের প্রশিক্ষক নির্বাহী প্রকৌশলী ও উপ-পরিচালক( প্রশাসন) এর অ:দা:, চীফ মনিটরিং এর দপ্তর জনাব মো: আবু বক্কর সিদ্দিক প্রশিক্ষণে অংশগ্রহণকারী সকল কর্মকর্তা ও কর্মচারীদের ধন্যবাদ জানান এবং ভবিষ্যতে এ ধরনের আরও প্রশিক্ষণের আয়োজনের আশাবাদ ব্যক্ত করে প্রশিক্ষণের সমাপ্তি ঘোষণা করেন।

৩০/০৬/১৯
(মো:আবু বক্কর সিদ্দিক)
নির্বাহী প্রকৌশলী ও
উপ-পরিচালক(প্র:) অ:দা:
চীফ মনিটরিং এর দপ্তর

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হল :

১. প্রধান প্রকৌশলী (মনিটরিং), বাপাউবো, ঢাকা।
২. পরিচালক, প্রসেসিং সেকশন, বাপাউবো, ঢাকা।
৩. পরিচালক, প্রশিক্ষণ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
৪. সিএসও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
৫. সিস্টেম এনালিস্ট, বাপাউবো, ঢাকা।

ডায়েরী নং ৫৩৪৩ তারিখঃ ০১/৭/১৯
প্রোগ্রামার
সহকারী প্রোগ্রামার ১/২
নেটওয়ার্ক প্রকৌশলী
অফিস সহকারী
জরুরী
প্রয়োজনীয় ব্যবস্থা দিন
নথিতে পেশ করুন
নথিতে রাখুন
তাগিদ পত্র দিন
সিস্টেম এনালিষ্ট-১/২
আইসিটি সেল, বাপাউবো ঢাকা